# ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়
মাদরাসা পরিদর্শন দফতর
www.iau.edu.bd iauins13@gmail.com
বছিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২৩১।


স্মারক নং- ইআবি/পরি/অধি-নবা/ঢা-১১৫/২০১৭/১৫২২৫ তারিখ: ১৪ আশ্বিন ১৪৩২ বঙ্গাব্দ / ২৯ সেপ্টেম্বর ২০২৫ খ্রিষ্টাব্দ

## অফিস আদেশ

গোলালপুর দারুল উলুম কামিল মাদরাসা, ডাকঘর: গোপালপুর, উপজেলা: গোপালপুর, জেলা: টাঙ্গাইল-এর কামিল (স্নাতকোত্তর) ফিকহ্ বিভাগের অধিভুক্তি নবায়নের বিষয়ে অধ্যক্ষের ১৪-০৫-২০২৪ তারিখের জমাকৃত আবেদন ও ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের অধিভুক্তি নবায়নের তৃতীয় সংবিধি ২০২৩ অনুযায়ী গঠিত ০১ (এক) সদস্য বিশিষ্ট তদন্ত কমিটির দাখিলকৃত প্রতিবেদনের প্রেক্ষিতে মাদরাসাটির কামিল (স্নাতকোত্তর) হাদিস বিভাগ নিম্নবর্ণিত শর্তে **০১-০৭-২০২৫** থেকে **৩০-০৬-২০২৯** তারিখ পর্যন্ত ০৪ (চার) বছরের জন্য অধিভুক্তি নবায়ন করা হলো:

শর্তসমূহ :

১. অধ্যক্ষসহ অন্যান্য শিক্ষক ও কর্মচারীদের শূন্যপদে নিয়োগের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে;
২. শ্রেণিকক্ষে সকল স্তরের শিক্ষার্থীদের জন্য মূল কিতাবের ব্যবহার নিশ্চিত করতে হবে;
৩. শিক্ষার্থীদের মাতৃভাষা বাংলার পাশাপাশি আরবি ও ইংরেজি ভাষায় দক্ষ করে তুলতে হবে;
৪. মাদরাসার ফাজিল ও কামিল স্তরের শিক্ষার্থীদের ক্লাসে উপস্থিতি নিশ্চিত করতে হবে;
৫. যুগোপযোগী মানব সম্পদ তৈরির জন্য একটি সমৃদ্ধ লাইব্রেরিসহ পড়ালেখার জন্য অনুকূল পরিবেশ তৈরি করতে হবে এবং শিক্ষার্থীদের তথ্য-প্রযুক্তিতে দক্ষতা অর্জনের নিমিত্ত একটি সমৃদ্ধ কম্পিউটার ল্যাব স্থাপন করতে হবে;
৬. মাদরাসার ছাত্র-শিক্ষক মিলনায়তন/অডিটরিয়ামকে আরও সুসজ্জিত করতে হবে এবং মাদরাসা ক্যাম্পাস পরিষ্কার পরিচ্ছন্ন রাখতে হবে;
৭. মাদরাসা প্রধান (অধ্যক্ষ/উপধ্যক্ষ) ও অন্যান্য শিক্ষকগণকে তথ্য ও যোগাযোগ প্রযুক্তির (আইসিটি) প্রশিক্ষণ নিশ্চিত করে প্রশিক্ষণের মাধ্যমে অধিকতর দক্ষ করে তুলতে হবে;
৮. শিক্ষার মানোন্নয়ন এবং প্রতিষ্ঠানের উন্নয়নকল্পে শিক্ষক, কর্মকর্তা এবং কর্মচারীবৃন্দের সাথে সুনির্দিষ্ট বিষয়ের উপর মাসিক আলোচনা সভা আয়োজন করে সিদ্ধান্ত গ্রহণ করতে হবে;
৯. মাদরাসার আয়-ব্যয়ের হিসাব গভর্নিং বডির অনুমোদনের মাধ্যমে সম্পাদন করত: ক্যাশ-কলামনার বই যথাযথভাবে পূরণ ও সংরক্ষণ করতে হবে;
১০. মাদরাসার সাইনবোর্ড ও প্যাডে বাংলা নামের পাশাপাশি আরবিতে মাদরাসার নাম এবং "ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় অধিভুক্ত" কথাটি লিখতে হবে;
১১. কুরআন শিক্ষার ওপর বিশেষ গুরুত্ব দিতে হবে;
১২. বৎসরে কমপক্ষে ০৩ (তিন) বার অভিভাবক সমাবেশ করতে হবে;
১৩. অধিভুক্তি নবায়নের মেয়াদ উত্তীর্ণ হওয়ার কমপক্ষে ০৮ (আট) মাস পূর্বে পুনঃ নবায়নের জন্য আবেদন করতে হবে;

মাননীয় ভাইস চ্যান্সেলরের অনুমোদনক্রমে

২৯/৯/২৫
(মোঃ আইউব হোসেন)
রেজিস্ট্রার ও মাদরাসা পরিদর্শক (অতিরিক্ত দায়িত্ব)
মোবাইল: ০১৭০৫ ৪০৮০০১

অধ্যক্ষ, গোপালপুর দারুল উলুম কামিল মাদরাসা
ডাকঘর: গোপালপুর, উপজেলা: গোপালপুর, জেলা: টাঙ্গাইল

স্মারক নং- ইআবি/পরি/অধি-নবা/ঢা-১১৫/২০১৭/১৫২২৫ তারিখ: ১৪ আশ্বিন ১৪৩২ বঙ্গাব্দ / ২৯ সেপ্টেম্বর ২০২৫ খ্রিষ্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো :

১. মহাপরিচালক, মাদরাসা শিক্ষা অধিদপ্তর, গাইড হাউস (৭ম এবং ১০ম তলা), নিউ বেইলি রোড, রমনা, ঢাকা-১০০০।
২. চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, বকশীবাজার, ঢাকা-১২১১।
৩. রেজিস্ট্রার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় (একাডেমিক কাউন্সিল সভায় রিপোর্ট করার জন্য)।
৪. পিএস টু ভিসি (দায়িত্বপ্রাপ্ত), ভাইস চ্যান্সেলর দপ্তর (ভাইস চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়।
৫. আইসিটি বিভাগ, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
৬. সভাপতি, গোপালপুর দারুল উলুম কামিল মাদরাসা, ডাকঘর: গোপালপুর, উপজেলা: গোপালপুর, জেলা: টাঙ্গাইল।
৭. অফিস নথি।

29.09.2025
(আরিফ আহমদ)
সহকারী মাদরাসা পরিদর্শক
মোবাইল: ০১৭১৯ ৯৫০৭৭৫